

উপবৃত্তি প্রকল্পের উদ্বোধনকালে শিক্ষামন্ত্রী একাদশ শ্রেণীতে এখনও ২ লাখ আসন ফাঁকা

যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, একাদশ শ্রেণীতে সারা দেশের কলেজে এখনও প্রায় ২ লাখ আসন খালি রয়েছে। তিনি অভিযোগ করেন, প্রার্থীসমূহ নিয়ে টিআইটি মিথ্যাচার করছে। বৃহস্পতিবার রাজধানীর সিরডাপ মিন্টোনায়তনে উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

অনুষ্ঠানে তিনি অভিযোগ করেন, কিছু শিক্ষক নানা কেলংকারিতে জড়িয়ে পড়েছেন। তাদের মুখে বলকে চুকেছে। আমরা পরীক্ষার আগে যে খামে করে প্রশ্ন পাঠাই, তা খুলে এসব কল্পবিত্ত শিক্ষক টাকার বিনিময়ে প্রশ্ন বিক্রি করেন। কিছু কিছু ঘটনা ধরে আমরা টিজিতে দেখাচ্ছি। এভাবে তাদের চিহ্নিত করা হচ্ছে। তবে প্রার্থীদের ঘটনা মন্ত্রণালয়ের অধীকারের বিষয়ে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল, বাংলাদেশের (টিআইবি) অভিযোগ তিনি নাকচ করে দেন। তিনি দাবি করেন, কিছু লোক বলছে আমরা বীকার করি না কিছু, কিছু আনি চ্যালেঞ্জ দিচ্ছি, আদৌ প্রশ্ন দেশে প্রার্থীদের বিষয়টি প্রকাশ করেছি। আমার আগে কেউ বিষয়টি জানতই না। আমিই বরোক বছর আগে একটি প্রার্থীদের বিষয় জানতে পেরে রাতেই পরীক্ষা বন্ধ করে দিয়েছিলাম। বিষয়টি সাংবাদিকদের অনুরোধ করে আমিই প্রকাশ করেছিলাম। আজ আগার তথ্য নিয়েই তারা বড় বড় কথা বলছেন, মিথ্যাচার করছেন।

তিনি আরও বলেন, আমাদের মাথার ওপর এখন তারাই বসে আছেন। তারা বাইরে থেকে টাকা আনছেন আর মিথ্যা কথা রটাচ্ছেন। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এএস মাহমুদ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদফতরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুনসহ অন্যান্য অনুষ্ঠানে বক্তব্য দেন।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষায় নানা ধরনের উন্নয়ন চলছে। এসব করতে গিয়ে বিভিন্ন সমস্যারও মুখোমুখি হতে হচ্ছে। আসলে এটাকে উন্নয়নের বেদনা বলা যেতে পারে। যত উন্নয়ন হবে, সমস্যা ততই জটিল হবে। তিনি বলেন, শিক্ষায় বাজেট সবচেয়ে কম। তবু চাচ্ছি কম টাকায় বেশি কাজ করতে। সে জন্য টিকে থাকতে সহায়তা করতে শিক্ষার্থীদের আর্থিক অনুদান দেয়া হচ্ছে। মন্ত্রী বলেন, একাদশে ভর্তি নিয়ে কিছু জটিলতা ছিল শুরুতে, কিন্তু এখন তা দূর হয়ে গেছে। এখনও দুই লাখ আসন ফাঁকা আছে।